



From : Dr. Bappaditya Mandal
Principal

www.sonamukhicollegebankura.com
sonamukhicol@gmail.com
(91)03244-275251

SONAMUKHI COLLEGE

P.O. - Sonamukhi, Dist. - Bankura,
West Bengal, India - 722 207

NAAC : B(2.37) 2016 - 1st Cycle

Ref. No. :/SC/Misc/18/2020

Date : 27/3/2020

আবেদন

মহাশয়/মহাশয়া,

সকলেই অবগত - পশ্চিমবঙ্গ সমেত ভারতবর্ষ তথা সারা বিশ্ব এক গভীর সংকটের সম্মুখীন। একমাত্র কারণ - করোনা ও তার কুপ্রভাব। পৃথিবী আজ স্তব্ধ। অপেক্ষা করছে কোন্ এক অজানা ভবিষ্যৎ। সকলেই গৃহবন্দী। মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মুখ্যমন্ত্রী, চিকিৎসক, স্বাস্থ্যকর্মী, পরিবহনকর্মী, সংশ্লিষ্ট সমস্ত জরুরী বিভাগীয় কর্মীবৃন্দ, সংবাদমাধ্যমের কর্মীবৃন্দ ও পুলিশ প্রশাসনের সমস্ত মানুষ আজ শশব্যস্ত। তাঁরা নিজেদের জীবনকে ও পরিবারকে তুচ্ছ করে কর্তব্যে অবিচল। লক্ষ্য একটাই, সমাজের সমস্ত মানুষকে COVID-19 থেকে সর্বদা মুক্ত রাখা ও সুস্থ রাখা। মানবিকতার প্রতিমূর্তি মাননীয় মুখ্যমন্ত্রীর নিরলস প্রচেষ্টা বর্ননাতিত। সরকার ঘোষিত একটির পর একটি সুচারু পদক্ষেপ অবশ্যই করোনাকে প্রতিহত করতে সক্ষম হবে - দৃঢ় বিশ্বাস। এই কঠিন সময়ে রাজ্য সরকারের আবেদনে (NO.-50-SB(SM)-20- Howrah, the 23rd day of March, 2020) পাশে থাকাই শেষ কথা। বিস্তারিত বলার বোধহয় আর প্রয়োজন নেই। পাশে থাকার উপায়গুলির মধ্যে একটি - WEST BENGAL STATE EMERGENCY RELIFE FUND সংক্ষেপে WBSERF। COVID-19 এর বিরুদ্ধে এই সংগ্রামে হোক অংশগ্রহণ সমস্ত শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মীবৃন্দ, ছাত্র-ছাত্রী সহ সকল শুভানুধ্যায়ীরা। প্রতিষ্ঠানের প্রধান হিসাবেও সকলের কাছে আবেদন রইল। প্রথমতঃ, আর্থিক সহায়তা। সহকর্মীদের উদ্দেশ্যে, ONLINE আর্থিক সহায়তার প্রাক্কালে অবশ্যই PAN CARD নং সঙ্গে রাখা প্রয়োজন। চাইলে নিজ প্রতিষ্ঠানের নাম Remark /purpose এর ঘরে উল্লেখ করা যাবে। ONLINE আর্থিক সহায়তার জন্য NET Banking, ATM Card ও বিভিন্ন UPI সহ অনেক রাস্তা খোলা আছে www.wbfin.nic.in এর মাধ্যমে। এছাড়া, ডাকযোগে Cheque/DD সরাসরি নবান্নের ঠিকানায় পাঠানো যাবে। পরিশেষে সকলের কাছে অনুরোধ, সরকারের ঘোষিত নির্দেশগুলি যথাযথভাবে মেনে চলুন ও অপরকে মেনে চলতে সাহায্য করুন।

আবেদনে,

অধ্যক্ষ

Copy to www.sonamukhicollegebankura.com

ONLINE Payment করতে স্পর্শ করুন

<https://eazypay.icicibank.com/eazypayLink?P1=m9BPa3/GAmP3nzLWEHC4zA==>